

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩২. কোন ব্যক্তির অযু থাকাবস্থায় নতুনভাবে অযু করা

### باب الرَّجُلِ يُجَدِّدُ الوُضُوءَ مِنْ غَيْرِ حَدَثٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ الْمُقْرِيُّ، ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادٍ - قَالَ أَبُو دَاوُدَ وَأَنَا لِحَدِيثِ ابْنِ يَحْيَى أَتَقَنُ - عَنْ غُطَيْفٍ - وَقَالَ مُحَمَّدٌ عَنْ أَبِي غُطَيْفٍ الْهُذَلِيِّ - قَالَ كُنْتُ عِنْدَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، فَلَمَّا نُودِيَ بِالظُّهْرِ، تَوَضَّأَ فَصَلَّى، فَلَمَّا نُودِيَ بِالْعَصْرِ، تَوَضَّأَ فَقُلْتُ لَهُ فَقَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "مَنْ تَوَضَّأَ عَلَى طَهْرٍ كَتَبَ اللَّهُ لَهُ عَشْرَ حَسَنَاتٍ". قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا حَدِيثٌ مُسَدَّدٌ، وَهُوَ أَتَمُّ .

- ضعيف : ضعيف الجامع الصغير ٥٥٣٦، المشكاة ٢٩٣

বাংলা

৬২। আবু গুত্বায়িফ আল-হযালী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা-এর নিকট ছিলাম। যোহরের আযান দেয়া হলে তিনি অযু করে সালাত আদায় করলেন। আবার 'আসরের আযান দেয়া হলে তিনি পুনরায় অযু করলেন। আমি তাকে (নতুন করে অযু করার কারণ) জিজ্ঞাসা করলে তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ যে ব্যক্তি অযু থাকাবস্থায় অযু করে, তার জন্য দশটি নেকি লিপিবদ্ধ করা হয়।[1]

দুর্বল : যঈফ আল-জামি'উস সাগীর ৫৫৩৬, মিশকাত ২৯৩।

## English

Narrated Abdullah ibn Umar:

AbuGhutayf al-Hudhali reported: I was in the company of Ibn Umar. When the call was made for the noon (zuhr) prayer, he performed ablution and said the prayer. When the call for the afternoon ('asr) prayer was made, he again performed ablution. Thus I asked him (about the reason of performing ablution). He replied: The Messenger of Allah (ﷺ) said: For a man who performs ablution in a state of purity, ten virtuous deeds will be recorded (in his favour).

AbuDawud said: This is the tradition narrated by Musaddad, and it is more perfect.

### ফুটনোট

[1] ৬২. তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ প্রত্যেক সালাতের জন্য উযু করা, হাঃ ৬৯, ইমাম তিরমিযী বলেন, এ সানাট দূর্বল), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযু থাকতে উযু করা, হাঃ ৫১২) ‘আবদ ইবনু হুমাইদ (৮৫৯) সকলেই আব্দুর রাহমান ইবনু যিয়াদ সূত্রে আবু গুতাইফ থেকে, তিনি ইবনু উমার থেকে। ‘আয-যাওয়য়িদ’ গ্রন্থে রয়েছেঃ হাদীসের মূল বিষয় বর্তায় ‘আবদুর রাহমান ইবনু যিয়াদ ইফরীকীর উপর। তিনি দুর্বল। এছাড়াও বায়হাকীর ‘সুনানুল কুবরা’ (১/৬২), তিনি বলেনঃ ‘আবদুর রাহমান ইবনু যিয়াদ ইফরীকী শক্তিশালী নন। আর আপনারা তো লক্ষ্য করেছেন যে, হাদীসের মূল বিষয় তার উপরই বর্তাচ্ছে। হাফিয ‘আত তাক্ববীর’ গ্রন্থে বলেন, তিনি স্মরণশক্তিতে দুর্বল। মিশকাতের তাহকীকে আবু গুতাইফকে অজ্ঞাত বলা হয়েছে।

হাদীসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57380>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন